

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.৯৯.০০২.১৬. ২০১৬

তারিখ : ০৫ পৌষ, ১৪২৩।
১৯ ডিসেম্বর, ২০১৬।

বিষয়ঃ নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন চাঁনপুর ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠান সক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, নরসিংদী কার্যালয়ের পত্র নং-৫০৮, তারিখঃ ২৭.১১.২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মোমেন সরকার চেয়ারম্যান, চাঁনপুর ইউনিয়ন পরিষদ, রায়পুরা, নরসিংদী উক্ত ইউনিয়নের ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডের সীমানা পুনঃনির্ধারণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ররাবর আবেদন করেন (সংযুক্তি-০১)। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন (সংযুক্তি-০২)। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করেন (সংযুক্তি-০৩)। প্রতিবেদনের সার্বিক মন্তব্যে উল্লেখ করা হয় যে; “উক্ত ইউনিয়নের ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডসমূহের পুনঃগঠন প্রয়োজন নেই। জনগণের ব্যাপক উৎসাহ উদ্দীপনার প্রেক্ষিতে চাঁনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠান করা যেতে পারে (সংযুক্তি-০৫)।” বর্ণিত বিষয়ে, মহামান্য হাইকোর্ট বিভাগে বাদী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪০৩৭/২০১৬ এর ০৭ মে, ২০১৬ তারিখে প্রদত্ত স্থগিতাদেশের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে (আদেশের কপি সংযুক্তি-০৬)।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ইউপি সীমানা সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে বাদী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪০৩৭/২০১৬ এর ০৭ মে, ২০১৬ তারিখে প্রদত্ত স্থগিতাদেশের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে যাওয়ায় এবং তদন্ত কর্মকর্তার সার্বিক মতামতে চাঁনপুর ইউনিয়নের ৪, ৭ ও ৮ নম্বর ওয়ার্ডের সীমানা নির্ধারণের প্রয়োজন নেই বিধায় উক্ত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে)ঃ

১। সচিব

নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।

২। জেলা প্রশাসক

নরসিংদী।

অনুলিপি :

১। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।

২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।